The Country Today

সংগ্রাম



Series of training at DU to improve mental health, massive participation of students

DU Correspondent

Series of training at DU

শিক্ষার্থীদের ব্যাপক অংশগ্রহণ

ঢাবি শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য উন্নয়নে ধারাবাহিক প্রশিক্ষণ কর্মশালা

ঢাবি শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য উন্নয়নে প্রশিক্ষণ কর্মশালা

The New Age

DU banking EMBA holds orientation

Staff Correspondent

THE orientation of the 7th and 8th batch students of the Executive MBA Programme of the Department of Banking and Insurance of Dhaka University was held at the Professor Dr Abdullah Faruk Multipurpose Conference Hall on Sunday.

Dhaka University treasurer Professor M Jahangir Alam Chowdhury was present as chief guest at the event.

Executive MBA Programme director Professor Rad Mujib Lalon presided over the event, while Farzana Rahman, a student of the department, conducted the event.



Dhaka University treasurer Professor M Jahangir Alam Chowdhury addresses the orientation of the 7th and 8th batch students of the Executive MBA Programme of the Department of Banking and Insurance on Sunday.

— Press release

আমাদের বার্তা



ঢাবিতে রক্তদাতাদের সম্মাননা

■ আমাদের বার্তা, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল ইউনিট বাঁধনের উদ্যোগে নবীনবরণ ও রক্তদাতা সম্মাননা অনুষ্ঠিত হয়েছে।

গত রোববার সন্ধ্যায় হল মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী।

হল ইউনিট বাঁধনের সাবেক সভাপতি মো. হাসিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথির বক্তব্য দেন স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ (মিডফোর্ড) হাসপাতালের অধ্যাপক ডা. মুনশী এম. হাবিবুল্লাহ এবং ফিনিক্স ওয়েলনেস সেন্টার বাংলাদেশের পরিচালক অধ্যাপক ডা. সানজিদা শাহরিয়া।

বিশেষ অতিথি ছিলেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. নাজমুল হোসাইন ও বাঁধন হল ইউনিটের উপদেষ্টা প্রভাষক নাঈমুল ইসলাম।

অনুষ্ঠানে বাঁধন হল ইউনিটের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ সংগঠনের সদস্য ও রক্তদাতারা উপস্থিত ছিলেন। এসময় হলের ৩৭ জন স্বেচ্ছা রক্তদাতাকে সম্মাননা দেয়া হয়।

প্রধান অতিথির বক্তব্যে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, রক্তদান একটি মহৎ মানবিক কাজ, যা মানুষের জীবন বাঁচাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

স্বেচ্ছা রক্তদানের মাধ্যমে সামাজিক বন্ধন ও পারস্পরিক সহমর্মিতা বৃদ্ধি পায়। মানবতার কল্যাণে ঐক্যবদ্ধভাবে কাজ করতে তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানটি নবীন শিক্ষার্থীদের স্বাগত জানানো ও স্বেচ্ছাসেবী রক্তদাতাদের উৎসাহিত করার মাধ্যমে মানবিক কার্যক্রমে শিক্ষার্থীদের সম্পৃক্ততা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আয়োজকরা আশা জানান।

খবরের কাগজ



ঢাবির নন-ফিকশন বইমেলার পর্দা নামল

সম্ভাবনা গোপাল দুই লেখক

The New Nation



Education Adviser Professor Dr Chowdhury Rafiqul Ahrar visits the non-fiction book stall on the Faculty of Business Studies premises of Dhaka University on Monday. ● NN photo

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

২৯ পৌষ ১৪৩২

DU in Media

13 January 2026

প্রথম আলো



মননচর্চার বই নিয়ে ব্যতিক্রমী মেলা

কালবেলা

ডাকসুর উদ্যোগে ঢাবিতে সান্ধ্যকালীন বাস চালু

ঢাবি প্রতিনিধি ▸▸

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বাসরুটগুলোয় সন্ধ্যার পর নতুন ট্রিপ সংযোজন করে সান্ধ্যকালীন বাস চালু করা হয়েছে। গতকাল সোমবার ঢাবির ভিসি চত্বরে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান ডাকসুর পরিবহন সম্পাদক আসিফ আব্দুল্লাহ। পরে ফিতা কেটে সান্ধ্যকালীন ট্রিপের উদ্বোধন করেন ডাকসু ভিপি আবু সাদিক কায়েম। এ সময় তিনি বলেন, 'বাসরুটে নতুন বাস অন্তর্ভুক্তকরণ, কুমিল্লা পর্যন্ত বাস চালু ও ঢাকার আশপাশের জেলাগুলোয় বাস সার্ভিস দেওয়াসহ শিক্ষার্থীদের যত দাবি আছে, সবগুলো দাবি আমরা বাস্তবায়ন করার চেষ্টা চালাচ্ছি। শিক্ষার্থীদের যত সমস্যা আছে সব সমস্যা নিয়ে আমরা কাজ করছি।'

ডাকসুর এজিএস মু. মহিউদ্দিন খান বলেন, 'শুধু পরিবহন সেক্টরেই না, বরং প্রতিটি সেক্টরের সমস্যা সমাধানে আমরা কাজ করব।'

পরিবহন সম্পাদক আসিফ আব্দুল্লাহ বলেন, 'আমরা শনিবারে বাস ট্রিপ চালু করার চেষ্টা করছি। এ ছাড়া প্রতিটি রুটে বাস বাড়ানো এবং নতুন বাস আনার ব্যাপারে চেষ্টা চালিয়ে যাচ্ছি।'

বাসরুটের সভাপতি ফাহমিদা হক বলেন, সন্ধ্যার পরে ক্যাম্পাসে বিভিন্ন বিভাগের প্রোগ্রাম, ক্লাবের প্রোগ্রাম ইত্যাদি থাকে। কিন্তু বাস না থাকায় শিক্ষার্থীরা ক্যাম্পাসে থাকতে পারতো না। সান্ধ্যকালীন এই বাস চালু হওয়ায় আবাসিক শিক্ষার্থীরা উপকৃত হবে। এ সময় ডাকসুর বিভিন্ন সম্পাদক, কার্যনির্বাহী সদস্য, বিভিন্ন বাসরুট কমিটির নেতাসহ অনাবাসিক শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে মোনাজাত করে উপস্থিত শিক্ষার্থীদের মাঝে জিলাপি বিতরণ করা হয়।